



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট  
E-mail: rmpi2003@gmail.com  
Web: www.rmpi.gov.bd



স্মারক নং- রামপ/একা/নোটিশ/২০১৬/২১০

তারিখ : ১৯/০৯/২০২১ খ্রিস্টাব্দ

বিষয় : জাতীয় দক্ষতা প্রতিযোগিতা ২০২১ এ অংশগ্রহণ প্রসঙ্গে।

সূত্র : প্রধানমন্ত্রীর কার্যালয় এর স্মারক নং -০৩.১৪.২৬৯২.৮৭৯.২৪.০০৯.১৯-৪১৪ তারিখ-১৫ সেপ্টেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে অত্র ইনস্টিটিউটের সকল টেকনোলজির সকল পর্বের উভয় শিফটের সকল ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশসহ ৮৪টি দেশ ওয়ার্ল্ড স্কিলস ইন্টারন্যাশনালের (WSI) সদস্য। ওয়ার্ল্ড স্কিলস ইন্টারন্যাশনাল প্রতি ০২ বছর অন্তর বিশ্ব দক্ষতা প্রতিযোগিতা আয়োজন করে থাকে। কোভিড-১৯ এর কারণে ২০২১ সালের ৪৬তম বিশ্ব দক্ষতা প্রতিযোগিতা আগামী ২০২২ সালে অক্টোবর মাসে চীনের সাংহাইতে অনুষ্ঠিত হবে। ওয়ার্ল্ড স্কিলস কম্পিটিশন সাংহাই-২০২২ এ নিম্নবর্ণিত ১৩টি অকুপেশনে অংশগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

- |   |                            |
|---|----------------------------|
| ১। পেইন্টিং এন্ড ডেকোরেটিং                | ৮। সাইবার সিকিউরিটি        |
| ২। প্লাস্টার এন্ড ড্রাইওয়াল সিস্টেম      | ৯। ওয়েল্ডিং               |
| ৩। ফ্যাশন টেকনোলজি                        | ১০। কুকিং                  |
| ৪। প্রিন্ট মিডিয়া টেকনোলজি               | ১১। রেস্টুরেন্ট সার্ভিস    |
| ৫। আইটি নেটওয়ার্ক সিস্টেম এডমিনিস্ট্রেশন | ১২। পোটসরি এন্ড করফেকশনারী |
| ৬। ওয়েব টেকনোলজি                         | ১৩। বেকারি                 |
| ৭। ক্লাউড কম্পিউটিং                       |                            |

উল্লিখিত ১৩টি অকুপেশনে আবেদনের ক্ষেত্রে ক্লাউড কম্পিউটিং এবং সাইবার সিকিউরিটি অকুপেশনে প্রতিযোগীর বয়স ০১.০১.২০২২ তারিখে সর্বোচ্চ ২৬ বছর। অন্যান্য ১১টি অকুপেশনে প্রতিযোগীর বয়স ০১.০১.২০২২ তারিখে সর্বোচ্চ ২৩ বছর। জাতীয় দক্ষতা প্রতিযোগিতা- ২০২১ এ অংশগ্রহণের লক্ষ্যে বর্ণিত ১৩টি অকুপেশনে বিভাগীয় পর্যায়ে অংশগ্রহণের নিবন্ধন চলছে। বিভাগীয় পর্যায়ে নির্বাচিত প্রতিযোগীদের নিয়ে জাতীয় দক্ষতা প্রতিযোগিতা- ২০২১ অনুষ্ঠিত হবে। জাতীয় প্রতিযোগিতায় ন্যাশনাল চ্যাম্পিয়ন World Skills Competition Shanghai-2022 এ অংশগ্রহণের সুযোগ পাবে। আবেদনের জন্য <https://form.jotform.com/spmonitoringnsda/national-skills-competition> লিংকে এবং বিস্তারিত তথ্য জানার জন্য [www.nstda.gov.bd](http://www.nstda.gov.bd) ওয়েবসাইট ভিজিট করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, ১৪ সেপ্টেম্বর ২০২১ তারিখ থেকে অনলাইন আবেদন শুরু হয়েছে এবং ১০ অক্টোবর ২০২১ তারিখ পর্যন্ত আবেদন প্রক্রিয়া চলমান থাকবে।

(মোঃ ওমর ফারুক)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট

ফোন : ০২৪৭-৮৬০০৪৪

তারিখ : ১৯/০৯/২০২১ খ্রিস্টাব্দ

স্মারক নং- রামপ/একা/নোটিশ/২০১৬/২১০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।

০২। একাডেমিক ইনচার্জ, অত্র ইনস্টিটিউট।

০৩। বিভাগীয় প্রধান- সকল, অত্র ইনস্টিটিউট। (তার বিভাগে ব্যবহারিক বিষয়ের ক্লাসে এবং Online Class

Notice সংক্রান্ত Messenger Notice এ প্রচার করার অনুরোধ সহ)

০৪। ফোকাল পারসন- অত্র ইনস্টিটিউট, পত্রটি অত্র প্রতিষ্ঠানের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো।

০৫। নোটিশ বোর্ড- সাধারণ/ছাত্রী নিবাস, অত্র ইনস্টিটিউট।

০৬। নথি।

(মোঃ ওমর ফারুক)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট